ছিল না। এই গুরুতর অনিয়ম নজরে আসার পরই তৎক্ষণাৎ মিল কর্তৃপক্ষকে নোটিস ধরান আধিকারিকরা। মগরা ব্লকের খাদ্য সুরক্ষা দপ্তরের আধিকারিক তনুশ্রী মিশ্র জানান, মিলটিতে বর্তমানে উৎপাদন বন্ধ থাকলেও প্রাঙ্গণ খোলা রাখা হয়েছিল। সর্ষে তেল বিক্রির ক্ষেত্রে সরকারি নিয়মকানুন না মানায় এবং লাইসেন্স না থাকায় পরীক্ষার জন্য তেলের নমুনা সংগ্রহ করা হয়েছে। পাশাপাশি, দ্রুত লাইসেন্স সংগ্রহের নির্দেশ দেওয়া হয়েছে। অন্যদিকে, মিলের মালিক রোশনলাল গুপ্তা নিজের ভুল স্বীকার করে জানান, তিনি প্রায় বারো বছর ধরে খুচরো ব্যবসা সামলাচ্ছেন। তবে সর্ষে তেল যে এভাবে খুচরো বিক্রি করা যায় না, তা তাঁর জানা ছিল না বলে দাবি করেন তিনি। খাদ্য দপ্তরের পক্ষ থেকে তাঁকে লাইসেন্স তৈরির জন্য আগামী ১৫ দিনের সময়সীমা দেওয়া হয়েছে। উৎসবের মরশুমে বাজারে ভেজাল ও অস্বাস্থ্যকর খাবার বিক্রি রুখতে প্রশাসনের এমন কড়া পদক্ষেপে চাঞ্চল্য ছড়িয়েছে ব্যবসায়ী মহলে।

কেশপুর এখন অনেকটাই শান্ত: দিলীপ ঘোষ

নিজস্ব প্রতিবেদন, মেদিনীপুর: একসময় রাজনৈতিক অশান্তির কারণে বারবার খবরের শিরোনামে উঠে এসেছে কেশপুর। তৃণমূল কংগ্রেসের আমল হোক কিংবা তার আগের সিপিএমের শাসনকাল, বিভিন্ন সময়ে রাজনৈতিক সংঘর্ষ ও অশান্তিতে উত্তপ্ত হয়েছে এই এলাকা। তবে বর্তমানে কেশপুরের পরিস্থিতি অনেকটাই বদলেছে বলে দাবি করলেন পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ। রবিবার কেসপুরের মগরায় একটি ফুটবল প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে গিয়েছিলেন দিলীপ ঘোষ। সেখানে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কেশপুরের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে নিজের মতামত



তুলে ধরে তিনি বলেন, 'কেশপুরে এখন আর আগের মতো উত্তপ্ত পরিবেশ নেই। অনেকটাই শান্ত হয়ে গিয়েছে। যারা তৃণমূলের কিংবা সিপিএমের আমলে এলাকাকে অশান্ত করে রাখত, তারা এখন অনেকটাই দমে গিয়েছে। অনেককেই আইনের আওতায় আনা হয়েছে।' প্রতিযোগিতার উদ্বোধন করে পঞ্চায়েত মন্ত্রী বলেন, 'গ্রামবাংলায় যেসব সুপ্ত প্রতিভা রয়েছে তাদের বিকাশের দিকগুলি গুরুত্ব সহকারে দেখছে এই সরকার।

পাণ্ডুয়ায় রাজ্য তাইকোন্ডো চ্যাম্পিয়নশিপের আসর

নিজস্ব প্রতিবেদন, হুগলি: শরীর ঠিক থাকলে সব কিছুই ঠিকঠাক চলে। এই বার্তা দিয়ে শনিবার থেকে হুগলির পাণ্ডুয়ায় শুরু হয়েছে ১১তম রাজ্য তাইকোন্ডো চ্যাম্পিয়নশিপ ২০২৬।

বেঙ্গল অ্যামেচার তাইকোন্ড অ্যাসোসিয়েশনের উদ্যোগে এই প্রতিযোগিতায় রাজ্যের বিভিন্ন জেলা থেকে ৩১০ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন বলে জানান, সংস্থার রাজ্য সম্পাদক রূপকমল নন্দী। প্রতিযোগিতার উদ্বোধন করেন পাণ্ডুয়ার বিধায়ক তুষার মজুমদার। উপস্থিত ছিলেন সংগঠনের রাজ্য সভাপতি অসিত চ্যাটার্জি, কোরিয়ান গ্র্যান্ড মাস্টার শিওং কুক জিওং। এদিন সকাল থেকেই পাণ্ডুয়ার কল্যাণী সিনেমা হলের অডিটরিয়াম কচিকাঁচাদের চিৎকারে মুখরিত ছিল। রূপকমলবাবু বলেন, 'পুমসে, খারোগী ও স্পিড কিংকিং এই তিন বিভাগে হয় প্রতিযোগিতা।' রাজ্যস্তরের এই প্রতিযোগিতায় বিভিন্ন বিভাগের চ্যাম্পিয়নরা জাতীয়স্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন। এদিনই সফলদের হতে পুরস্কার তুলে দেওয়া হয়। প্রতিযোগিতা চলবে রবিবার পর্যন্ত।

সমবায় সমিতিতে লক্ষাধিক টাকার আর্থিক দুর্নীতি কোতুলপুরে

গ্রেপ্তার সমিতির ম্যানেজার

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: সমবায় সমিতিতে লক্ষ লক্ষ টাকা দুর্নীতির অভিযোগে গ্রেপ্তার হলেন সমবায় সমিতির ম্যানেজার। ঘটনাটি ঘটেছে বাঁকুড়ার কোতুলপুরে। দুর্নীতির অভিযোগে কোতুলপুর থানার পুলিশ রামডিহা, চোরকোলা ও আশ্বিনকোটা গ্রাম সেবা সমবায় সমিতির ম্যানেজার শুভেন্দু দত্তকে গ্রেফতার করে আজ বিষ্ণুপুর মহকুমা আদালতে পেশ করে। তৃণমূল আমলে তৃণমূল নেতাদের প্রত্যক্ষ মদতে এভাবে যারা কোটি কোটি টাকা দুর্নীতি করেছে তাঁদের জেল যাত্রা নিশ্চিত দাবি সমবায় দপ্তরের রাষ্ট্রমন্ত্রীর। বাঁকুড়ার কোতুলপুর ব্লকের রামডিহা, চোরকোলা ও আশ্বিনকোটা গ্রাম সেবা সমবায় সমিতির ম্যানেজার শুভেন্দু দত্তর বিরুদ্ধে দীর্ঘদিন ধরেই দুর্নীতির অভিযোগে সরব ওই সমিতির সদস্যরা। অভিযোগ, সমিতির লক্ষ লক্ষ টাকা খরচ করে বাজারদরের তুলনায় অনেক বেশি দরে সমিতির নামে জমি কিনে লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করেছেন ওই ম্যানেজার। শুধু তাই নয়, বিভিন্ন লেনদেনের নামে সমিতির লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ, সমিতির নামে থাকা ৩টি ট্রাক্টর নিজের ব্যক্তিগত কাজে ব্যবহার, রাসায়নিক সার বিক্রি বন্ধ রেখে স্থানীয় কৃষকদের সমস্যায় ফেলা-সহ একাধিক অভিযোগ রয়েছে সমিতির ম্যানেজার শুভেন্দু দত্তর বিরুদ্ধে। স্থানীয়দের দাবি, তৃণমূল আমলে স্থানীয় তৃণমূল নেতাদের মদতে এভাবে লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করে আয়ের সঙ্গে সঙ্গতিহীনভাবে বিপুল সম্পত্তির মালিক হয়েছেন সমবায় সমিতির ওই ম্যানেজার। প্রতিবাদ করলেই ওই ম্যানেজার বিভিন্নভাবে হুমকি দিতেন বলেও অভিযোগ। তারপরেও সমিতির সদস্যরা বারেবারে ওই



ম্যানেজারের দুর্নীতির প্রতিবাদে আন্দোলন করেছিলেন। অভিযোগ জানিয়েছিলেন বিভিন্ন স্তরে। কিন্তু লাভের লাভ কিছুই হয়নি। রাজ্যে পালাবদলের পর সম্প্রতি ১১ অক্টোবর সমিতির এক সদস্য ফের ওই ম্যানেজারের বিরুদ্ধে কোতুলপুর থানায় লিখিত অভিযোগ জমা করেন। আর এরপরই নড়েচড়ে বসে পুলিশ। ঘটনার তদন্ত করে অভিযুক্ত ম্যানেজার শুভেন্দু দত্তকে গ্রেপ্তার করে পুলিশ। আজ ধৃতকে বিষ্ণুপুর মহকুমা আদালতে পাঠানো হয়। সমিতির স্থানীয় সদস্য থেকে শুরু করে স্থানীয় বিধায়কের দাবি তৃণমূল নেতাদের মদতেই দিনের পর দিন এই দুর্নীতি করে গেছেন সমিতির ওই ম্যানেজার। অবিলম্বে তার কঠোর শাস্তির দাবিও জানিয়েছেন তাঁরা। রাজ্যের সমবায় দপ্তরের রাষ্ট্রমন্ত্রী দিবাকর ঘরামীর দাবি, 'শুধু ওই সমবায় সমিতিতেই নয়, তৃণমূল আমলে শাসকদলের মদতে অনেক সমবায় সমিতিতেই এই ধরনের দুর্নীতি হয়েছে। প্রতিটি দুর্নীতির তদন্ত করে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে।'

দামোদরে স্নানে নেমে তলিয়ে গেল এক যুবক

নিজস্ব প্রতিবেদন, গলসি: দামোদর নদে স্নান করতে নেমে তলিয়ে গেল এক যুবক।অন্যদিকে অল্পের জন্য প্রাণে বেঁচে যায় তাঁর চার বন্ধু। নিখোঁজ যুবকের নাম রিপম দাস (১৮)। তাঁর বাড়ি বোলপুরে। জানা গিয়েছে,রবিবার দুপুরে পাঁচ বন্ধু সজল দাস, কার্তিক সেন, নিতাই দাস, গৌরব রক্ষিত ও রিপম দাস দামোদর নদে স্নান করতে নামে। তাঁদের মধ্যে দু'জন পাড়ে থাকলেও বাকি তিনজন জলে নামে। গৌরব জানিয়েছে, তারা কোমর সমান জলে নেমেছিল। একটু এগোতেই আচমকা গভীর জলে তলিয়ে যেতে থাকে তিন'জনই। সেই সময় নিতাই কোনও রকমে গৌরবকে আগলে নিয়ে পাড়ে ফিরে আসেন। কিন্তু ততক্ষণে জলের তোড়ে স্রোতে ভেসে তলিয়ে যান রিপম। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় গলসি থানার পুলিশ। পুলিশ এলাকা ঘিরে রাখে। স্থানীয় বাসিন্দারা জাল নিয়ে নদীতে তল্লাশি শুরু করেন। তবে সন্ধ্যা পর্যন্ত নিখোঁজ যুবকের কোনও সন্ধান মেলেনি। এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। পুলিশ দামোদর নদের তীরবর্তী গেলাম গুলিকে খবর দেয় নজর রাখার জন্য। পাশাপশি পুলিশ ও পরিস্থিতির উপর নজর রাখে।

নবদ্বীপের রাস উৎসবের জন্য ইউনেস্কোর স্বীকৃতি আদায়ে পদক্ষেপ



নিজস্ব প্রতিবেদন, নদিয়া: নবদ্বীপের ঐতিহ্যবাহী রাস উৎসবকে ইউনেস্কোর স্বীকৃতি আদায়ের লক্ষ্যে একাধিক পদক্ষেপ নেওয়া হয়েছে এবার। নবদ্বীপের রাস উৎসবকে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে প্রশাসন ও কেন্দ্রীয় রাস কমিটির একাধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে এবার। বিশ্ব প্রসিদ্ধ নবদ্বীপের ঐতিহ্যবাহী রাস পূর্ণিমা উৎসবে কোনরকম বিশৃঙ্খলাকে মান্যতা দেওয়া হবে না। সুষ্ঠু, শান্তি-শৃঙ্খলা ও ধর্মীয় মর্যাদার সাথে সম্পন্ন করতে নবদ্বীপ প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। এখানে সাংবাদিক সম্মেলন উপস্থিত ছিলেন নবদ্বীপের বিধায়ক শ্রুতি শেখর গোস্বামী, নদিয়া উত্তর সাংগঠনিক বিজেপির সভানেত্রী অপর্না নন্দী ছাড়াও নবদ্বীপ রাস উৎসব কমিটির পক্ষ থেকে জীবন সেন, শংকর দেবনাথ এবং সমীর রায়। একাধিক গুরুত্বপূর্ণ নিয়মাবলি ও সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবার চৈতন্য বিজড়িত নবদ্বীপের রাস উৎসবে। শব্দ দূষণ নিয়ন্ত্রণ থেকে শুরু করে প্রতিমার শোভাযাত্রা এবং নবমী প্রথা যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সেদিকে নজর থাকবে প্রশাসন ও কেন্দ্রীয় রাস কমিটির। রাত ১১টার পর কোনোভাবেই মাইক কিংবা তাসা ব্যঞ্জন ব্যবহারের ওপর বিধি নিষেধ আরোপ করা হয়েছে। এবার থেকে নবদ্বীপের রাসের ঐতিহ্যবাহী নবমীর শোভাযাত্রায় ছাড়পত্র মিলছে। দীর্ঘদিন বন্ধ থাকার পর এবছর ঐতিহ্যপূর্ণ নবমীর শোভাযাত্রার পুনরায় অনুমতি প্রদান করা হয়েছে। পুলিশ প্রশাসনের সাথে সাথে স্বেচ্ছাসেবকদের দায়িত্ব ও নজরদারির ওপর জোর দেওয়া হয়েছে। প্রতিটি পূজা কমিটিকে নির্দিষ্ট সংখ্যক নিবন্ধিত স্বেচ্ছাসেবক নিয়োগ করতে হবে। শোভাযাত্রা সুশৃঙ্খল রাখতে এই স্বেচ্ছাসেবকরাই প্রাথমিক দায়িত্ব পালন করবেন। ডিজে ও তাসা পার্টির প্রতিযোগিতা সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হচ্ছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণে কঠোর প্রশাসন। উৎসব চত্বর ও শোভাযাত্রায় যেকোনও প্রকার নেশাজাতীয় দ্রব্য ব্যবহারের ওপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা ও কড়া নজরদারি বজায় থাকবে। উৎসবের দিনগুলিতে বাইরে থেকে আসা তীর্থযাত্রী কোনওরকম অসুবিধা না পড়ে তার জন্য নিরাপত্তা অস্থায়ী নিবাস এবং অস্থায়ী শৌচাগারের ব্যবস্থা করা হচ্ছে। কোনও দুষ্কৃতী বা অসামাজিক উপাদান যেন কোনও প্রকার অপ্রীতিকর পরিস্থিতি তৈরি করতে না পারে, সে বিষয়ে পুলিশ ও প্রশাসন চরম সতর্ক থাকবে। এ বছর দুই 'দিনব্যাপী ঐতিহ্যবাহী শোভাযাত্রা বা 'আরোং' অনুষ্ঠিত হবে বলে জানা গেছে। রাসের শোভাযাত্রা বা নবমীতে কোন পূজা কর্তৃপক্ষ আইনকে মান্যতা না দিলে তিন বছরের জন্য তাদের পূজা কমিটির অনুমতি খারিজ করা হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এবারের রাসে আধাসামরিক বাহিনী মোতায়েন করা হচ্ছে। সমগ্র বিশ্বে যাতে নবদ্বীপের রাস উৎসবকে পরিচিতি লাভ করানো যায় সেই ব্যবস্থা করা হচ্ছে কেন্দ্রীয় রাশ উৎসব এবং প্রশাসনের পক্ষ থেকে।

হুগলির মগরায় চার দুষ্কৃতী গ্রেপ্তার, উদ্ধার ৪ লক্ষ টাকা

নিজস্ব প্রতিবেদন, হুগলি: আগ্নেয়াস্ত্রের ভয় দেখিয়ে তোলাবাজির বড়সড় পরিকল্পনা ভেস্তে দিল পুলিশ। শনিবার গভীর রাতে হুগলির মগরা থানার ত্রিবেণী ঘাট এলাকায় অভিযান চালিয়ে চার সশস্ত্র দুষ্কৃতীকে হাতেনাতে পাকড়াও করল পুলিশ। তাদের কাছ থেকে উদ্ধার হয়েছে দু'টি দেশি পাইপগান বা আগ্নেয়াস্ত্র, ১০ রাউন্ড তাজা কার্তুজ এবং নগদ চার লক্ষ টাকা। রবিবার মগরা থানায় এক সাংবাদিক বৈঠকে হুগলি গ্রামীণ পুলিশের সুপার কুঁয়ারভূষণ সিং এই সফল অভিযানের বিস্তারিত তথ্য তুলে ধরেন। পুলিশ জানিয়েছে, ধৃত চার দুষ্কৃতীর নাম কেনারাম বিশ্বাস, অরিন্দম দাস, স্বরাজ ভট্টাচার্য এবং অভিজিৎ ঘটক। প্রাথমিক তদন্তে জানা গিয়েছে, পলাতক অভিযুক্ত মুন্না তিওয়ারির বাড়িতে একত্রিত হয়েই তোলাবাজির ছক কষছিল এই গ্যাংটি। তবে পরিকল্পনা বাস্তবায়িত করার আগেই পুলিশের জালে ধরা পড়ে যায় তারা। পুলিশ সুপার আরও জানান, স্বরাজ ভট্টাচার্য ও ভাস্কর সেন এই চক্রের মূল চালিকাশক্তি। অস্ত্রের মুখে সাধারণ মানুষকে ভয় দেখিয়ে তোলা আদায় করাই ছিল তাদের মূল পেশা। ধৃতদের কাছ থেকে বাজেয়াপ্ত হওয়া মোবাইল ফোনগুলি খতিয়ে দেখার পাশাপাশি, এই বিপুল পরিমাণ নগদ টাকা ও অস্ত্রশস্ত্র কোথা থেকে এল, তা জানতে শুরু হয়েছে জিজ্ঞাসাবাদ। ঘটনার পর থেকে পলাতক রয়েছে ভাস্কর সেন, মুন্না তিওয়ারি ও সোমু নামের আরও তিন দুষ্কৃতী। তাদের খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ। রবিবারই ধৃতদের চুঁচুড়া আদালতে পেশ করে পুলিশ নিজেদের হেপাজতে নেওয়ার প্রক্রিয়া শুরু করেছে।

ফর্ম জি
আগ্রহের অভিব্যক্তির আমন্ত্রণের জন্য
ভুবনেশ্বরী সিফুড প্রাইভেট লিমিটেড
উড়িষ্যার বালেশ্বরে সিফুড উৎপাদনে কাজ করছে
(ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া (ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সনস) রেগুলেশনস, ২০১৬-এর রেগুলেশন ৩৬এ-এর উপ-রেগুলেশন (১)-এর অধীনে)

ক্র.নং	প্রাসঙ্গিক বিবরণ	
১.	প্যান এবং সিআইএন/এলএলপি নম্বর সহ কর্পোরেট ডেবটরের নাম	**ভুবনেশ্বরী সিফুড প্রাইভেট লিমিটেড** প্যান: AAGCB3083M সিআইএন: U05004WB2015PTC206490
২.	নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা	ইউনিট নং ৪০৩, ৪র্থ ফ্লোর, সিদ্ধার্থ সিটি সেন্টার, ১২২ লেনিন সরণি, ধর্মতলা, কলকাতা, পশ্চিমবঙ্গ ৭০০০১৩
৩.	ওয়েবসাইটের ইউআরএল	প্রযোজ্য নয়
৪.	যে স্থানে বেশিরভাগ স্থায়ী সম্পদ অবস্থিত তার বিবরণ	প্লট নং ১১৭৭, মৌজা-বিরুয়ান, বালেশ্বর, ওড়িশা- ৭৫৬০৬০
৫.	প্রধান পণ্য/পরিষেবাগুলির ইনস্টল করা ক্ষমতা	প্রযোজ্য নয়
৬.	গত আর্থিক বছরে বিক্রি হওয়া প্রধান পণ্য/পরিষেবাগুলির পরিমাণ এবং মূল্য	সর্বশেষ উপলব্ধ অডিটেড আর্থিক বিবৃতি অনুযায়ী, ২০২২-২০২৩ আর্থিক বছরে টার্নওভার ছিল ৯১.৯৮ কোটি টাকা
৭.	কর্মচারী/শ্রমিকের সংখ্যা	প্রযোজ্য নয়
৮.	দুই বছরের সর্বশেষ উপলব্ধ আর্থিক বিবৃতি (সময়সূচী সহ), পাওনাদারদের তালিকা সহ আরও বিবরণ নিম্নলিখিত ইউআরএল-এ উপলব্ধ	১) ৩১শে মার্চ ২০২২ এবং ৩১শে মার্চ ২০২৩ সমাপ্ত দুই আর্থিক বছরের আর্থিক বিবৃতি **https://bit.ly/4hyp3Ha-এ উপলব্ধ** ২) পাওনাদারদের তালিকা এখানে উপলব্ধ: **https://ibbi.gov.in/claims/claim-process/U05004WB2015PTC206490**
৯.	কোডের ২৫(২)(এইচ) ধারার অধীনে রেজোলিউশন আবেদনকারীদের জন্য যোগ্যতা নিম্নলিখিত ইউআরএল-এ উপলব্ধ	https://bit.ly/4hyp3Ha-এ উপলব্ধ আগ্রহের অভিব্যক্তির আমন্ত্রণটি দেখুন
১০.	আগ্রহের অভিব্যক্তি প্রাপ্তির শেষ তারিখ	১৭ই নভেম্বর, ২০২৬
১১.	সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের অস্থায়ী তালিকা প্রকাশের তারিখ	২৭শে নভেম্বর, ২০২৬"
১২.	অস্থায়ী তালিকায় আপত্তি জমা দেওয়ার শেষ তারিখ	০৭ই ডিসেম্বর, ২০২৬
১৩.	সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ	১২ই ডিসেম্বর, ২০২৬
১৪.	তথ্য স্মারক, মূল্যায়ন ম্যাট্রিক্স এবং সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের কাছে রেজোলিউশন প্ল্যানের জন্য অনুরোধ প্রকাশের তারিখ	১৭ই ডিসেম্বর, ২০২৬
১৫.	রেজোলিউশন প্ল্যান জমা দেওয়ার শেষ তারিখ	১৬ই জানুয়ারি, ২০২৭
১৬.	আগ্রহের অভিব্যক্তি জমা দেওয়ার জন্য প্রক্রিয়া ইমেইল আইডি	**ibc.bhubaneshwari@gmail.com**

তৃপ্তি আগরওয়াল
IBBI/IPA-001/IP-P-02809/2023-202414316/
১৭৪এ, মানিকতলা মেইন রোড, ৯সি একতা রেসিডেন্সি
কলকাতা ৭০০০৫৪ (বেঙ্গল কেমিক্যালসের কাছে)
রেজোলিউশন প্রফেশনাল
তারিখ: ২রা নভেম্বর, ২০২৬
স্থান: কলকাতা
ভুবনেশ্বরী সিফুড প্রাইভেট লিমিটেড-এর জন্য (সিআইআরপি-এর অধীনে)

ফর্ম নং আইএনসি.২৬
[কোম্পানি (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪-এর রুল ৩০ অনুযায়ী]
রিজিওনাল ডিরেক্টর,
ইস্টার্ন রিজিওন, কলকাতা সমীপে
কোম্পানি অ্যাক্ট, ২০১৩-এর ১৩ নম্বর ধারার উপ-ধারা (৪) এবং কোম্পানি (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪-এর রুল ৩০-এর উপ-রুল (৫)-এর ক্লজ (এ) এর বিষয়ে
এবং
মেসার্স বনাই ইস্পাত প্রাইভেট লিমিটেড (CIN : U27109WB2004PTC100632), কোম্পানি অ্যাক্ট, ১৯৫৬-এর অধীনে নিগমিত একটি কোম্পানি এবং যার নিবন্ধিত কার্যালয় ফ্ল্যাট নং ৩০২, ব্লক - এ/১, ভিআইপি এনক্লেভ ভিআইপি রোড, বিগ বাজারের বিপরীতে, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০৫৯-এ অবস্থিত এর বিষয়ে
...আবেদনকারী

এতদ্বারা সাধারণ জনসাধারণকে নোটিশ দেওয়া হচ্ছে যে, ১৮ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে অনুষ্ঠিত এক্সট্রা-অর্ডিনারি জেনারেল মিটিং-এ গৃহীত স্পেশাল রেজোলিউশনের শর্তাবলী অনুযায়ী কোম্পানির মেমোরেন্ডাম অফ অ্যাসোসিয়েশনের পরিবর্তনের নিশ্চিতকরণ চেয়ে কোম্পানিটি কোম্পানি অ্যাক্ট, ২০১৩-এর ১৩ নম্বর ধারার অধীনে রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, কলকাতা-এর কাছে একটি আবেদন করার প্রস্তাব করেছে, যাতে কোম্পানিটি তার নিবন্ধিত কার্যালয় রেজিস্ট্রার অফ কোম্পানিজ, কলকাতা-এর একতিয়ারের মধ্যে থাকা "পশ্চিমবঙ্গ রাজ্য" থেকে রেজিস্ট্রার অফ কোম্পানিজ, কটক-এর একতিয়ারের মধ্যে থাকা "উড়িষ্যা রাজ্য"-এ পরিবর্তন করতে পারে।

কোম্পানির নিবন্ধিত কার্যালয় "পশ্চিমবঙ্গ রাজ্য" থেকে "উড়িষ্যা রাজ্য"-এ প্রস্তাবিত পরিবর্তনের ফলে যে কোনো ব্যক্তি যার স্বার্থ প্রভাবিত হওয়ার সম্ভাবনা রয়েছে, তিনি এই নোটিশ প্রকাশের তারিখ থেকে চোদ্দ (১৪) দিনের মধ্যে উপরে উল্লিখিত ঠিকানায় আবেদনকারী কোম্পানির নিবন্ধিত কার্যালয়ে একটি অনুলিপি সহ এমসিএ-২১ পোর্টালে (www.mca.gov.in) ইনভেস্টর কমপ্লেন্ট ফর্ম দাখিল করে প্রদান করতে পারেন বা কর্পোরেট ভবন, ৬ষ্ঠ ফ্লোর, প্লট নং আইআইআইএফ, রাজারহাট, নিউ টাউন, আকন্দকেশরী, কলকাতা ৭০০১৩৫-এ রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন-এর কাছে তার স্বার্থের প্রকৃতি এবং বিরোধিতার কারণ উল্লেখ করে একটি হলফনামা দ্বারা সমর্থিত তার আপত্তিগুলি নিবন্ধিত ডাকযোগে প্রদান করতে বা পাঠাতে পারেন।

বনাই ইস্পাত প্রাইভেট লিমিটেড-এর পক্ষে
অনুপ গুপ্তা
ডিরেক্টর
তারিখ : ০২.১১.২০২৬
স্থান : কলকাতা **ডিআইএন : ০১৭৭৬১০৪**

ফর্ম জি
আগ্রহের অভিব্যক্তির জন্য আমন্ত্রণ
অকুল ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড পশ্চিমবঙ্গ, ফলতায় স্যানিটারি ন্যাপকিন (স্বাস্থ্যবিধি পণ্য) উৎপাদনে কাজ করছে
(ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া (ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সনস) রেগুলেশনস, ২০১৬-এর রেগুলেশন ৩৬এ(১)-এর অধীনে)

ক্র.নং	প্রাসঙ্গিক বিবরণ	
১.	প্যান এবং সিআইএন/এলএলপি নম্বর সহ কর্পোরেট ডেবটরের নাম	**অকুল ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড** প্যান: AADCA1899B সিআইএন: U00074BR2000PTC009369
২.	নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা	১৩৭, এস.কে. নগর, থানা- বুধ কলোনি, পাটনা- ৮০০০০১, বিহার
৩.	ওয়েবসাইটের ইউআরএল	উপলব্ধ নয়
৪.	যে স্থানে বেশিরভাগ স্থায়ী সম্পদ অবস্থিত তার বিবরণ	জে.এল. নং ১২৪, ডি.এইচ. রোড, পোঃ- বঙ্গনগর, ফলতা, দক্ষিণ ২৪ পরগনা-৭৪৩৫১৩, পশ্চিমবঙ্গে ফ্যাক্টরি
৫.	প্রধান পণ্য/পরিষেবাগুলির ইনস্টল করা ক্ষমতা	৭৫০ মিলিয়ন প্যাড (সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা)
৬.	গত আর্থিক বছরে বিক্রি হওয়া প্রধান পণ্য/পরিষেবাগুলির পরিমাণ এবং মূল্য	পরিমাণ: ৫৩৫ মিলিয়ন প্যাড; মূল্য: ১৮.৫৬ কোটি টাকা (আর্থিক বছর ২০২৫-২৬ এর অডিটেড আর্থিক বিবৃতি অনুযায়ী ক্রিয়াকলাপ থেকে আয়)
৭.	কর্মচারী/শ্রমিকের সংখ্যা	শ্রমিক: ৩০৩; অস্থায়ী শ্রমিক: ৩২; কর্মচারী: ৯০; চুক্তিভিত্তিক কর্মচারী: ২
৮.	দুই বছরের সর্বশেষ উপলব্ধ আর্থিক বিবৃতি (সময়সূচী সহ), পাওনাদারদের তালিকা সহ আরও বিবরণ নিম্নলিখিত ইউআরএল-এ উপলব্ধ:	**আমাদের ই-মেইল করুন: cirp.akul@resurgentrpl.com**
৯.	কোডের ২৫(২)(এইচ) ধারার অধীনে রেজোলিউশন আবেদনকারীদের জন্য যোগ্যতা নিম্নলিখিত ইউআরএল-এ উপলব্ধ:	**আমাদের ই-মেইল করুন: cirp.akul@resurgentrpl.com**
১০.	আগ্রহের অভিব্যক্তি প্রাপ্তির শেষ তারিখ	১৭ই নভেম্বর, ২০২৬
১১.	সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের অস্থায়ী তালিকা প্রকাশের তারিখ	২৭শে নভেম্বর, ২০২৬
১২.	অস্থায়ী তালিকায় আপত্তি জমা দেওয়ার শেষ তারিখ	২রা ডিসেম্বর, ২০২৬
১৩.	সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ	১২ই ডিসেম্বর, ২০২৬
১৪.	তথ্য স্মারক, মূল্যায়ন ম্যাট্রিক্স এবং সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের কাছে রেজোলিউশন প্ল্যানের জন্য অনুরোধ প্রকাশের তারিখ	১৭ই ডিসেম্বর, ২০২৬
১৫.	রেজোলিউশন প্ল্যান জমা দেওয়ার শেষ তারিখ	১৬ই জানুয়ারি, ২০২৭
১৬.	আগ্রহের অভিব্যক্তি জমা দেওয়ার জন্য প্রক্রিয়া ইমেইল আইডি	cirp.akul@resurgentrpl.com
১৭.	এমএসএমই হিসাবে কর্পোরেট ডেবটরের রেজিস্ট্রেশন স্ট্যাটাসের বিবরণ	এমএসএমই-এর অধীনে একটি ক্ষুদ্র উদ্যোগ (ম্যানুফ্যাকচারিং) হিসাবে নিবন্ধিত-উদ্যোগ আধার নং BR26B0059745

স্বাক্ষরিত/-
রাম রতন মোদী
আইবিবিআই রেজি. নং: IBBI/IPA-001/IP-P00051/2017-2018/10125
নিবন্ধিত ঠিকানা: ১৬৬বি, এস.পি. মুখার্জি রোড,
মার্লিন লিঙ্কস, রুম নং ২এফ, কলকাতা৭০০০২৬, পশ্চিমবঙ্গ
তারিখ: ২রা নভেম্বর, ২০২৬
স্থান: কলকাতা
অকুল ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড-এর পক্ষে

সাধারণ বিজ্ঞপ্তি
মধুশালা ড্রিঙ্কস প্রাইভেট লিমিটেড (লিকুইডেশনে)
CIN : U15520WB1991PTC052155
নিবন্ধিত কার্যালয় : প্লট নং ১-এস, বজ বজ ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, পূজালী, পশ্চিমবঙ্গ - ৭০০১৩৮
লিকুইডেটরের ঠিকানা : ২/৭, শরৎ বোস রোড, বসুন্ধরা বিল্ডিং, ২য় ফ্লোর, কলকাতা - ৭০০০২০
ই-মেইল : ip.jitulohia@gmail.com / jitulohia@knjainco.com
আইবিবিআই (লিকুইডেশন প্রসেস) রেগুলেশনস, ২০১৬-এর রেগুলেশন ৩২, ৩৩ এবং ৩৭এ এবং শিডিউল ১-এর সাথে পঠিত ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি কোড, ২০১৬-এর অধীনে সম্পদ বিক্রয়
সহজে আদায়যোগ্য নয় এমন সম্পদ হস্তান্তরের জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্বারা সাধারণভাবে জনসাধারণকে নোটিশ দেওয়া হচ্ছে যে, মাননীয় ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল, কলকাতা বেঞ্চ দ্বারা নিযুক্ত মধুশালা ড্রিঙ্কস প্রাইভেট লিমিটেড (লিকুইডেশনে) ("কর্পোরেট ডেবটর")-এর নিম্নস্বাক্ষরকারী লিকুইডেটর, ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া (লিকুইডেশন প্রসেস) রেগুলেশনস, ২০১৬ ("লিকুইডেশন রেগুলেশনস")-এর রেগুলেশন ৩৩ এবং শিডিউল ১-এর সাথে পঠিত রেগুলেশন ৩৭এ-এর অধীনে নীচে বর্ণিত কর্পোরেট ডেবটরের সহজে আদায়যোগ্য নয় এমন সম্পদ ("এনআরআরএ") BAANKNET (https://baanknet.com/)-এর প্ল্যাটফর্মে ই-নিলামের মাধ্যমে "যেমন আছে যেখানে আছে, যেমন যা আছে, যা কিছু আছে এবং বিনা আশ্রয়ের ভিত্তিতে" হস্তান্তর/স্থানান্তর করার প্রস্তাব করেছেন। এনআরআরএ-এর হস্তান্তর, সংরক্ষিত মূল্য এবং নিলাম প্রক্রিয়াটি রেগুলেশন ৮-এর অধীনে লিকুইডেশন প্রক্রিয়ায় চলমান পাওনাদারদের কমিটি দ্বারা অনুমোদিত হয়েছে।

একক লট হিসেবে হস্তান্তরের জন্য প্রস্তাবিত সম্পদের (এনআরআরএ) বিবরণ :
১) ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি কোড, ২০১৬-এর ৬৬ ধারার অধীনে দাখিল করা আবেদনে ("পিইউএফই আবেদন") মাননীয় এনসিএলটি, কলকাতা বেঞ্চের ১৮.০৭.২০২২ তারিখের আদেশের মাধ্যমে ৭২,৪৫,০০,০০০/- টাকা (বাহাত্তর কোটি পঁয়তাল্লিশ লক্ষ টাকা) আদায়ের নির্দেশ প্রদানকারী আদেশে কর্পোরেট ডেবটরের সমস্ত অধিকার, স্বত্ব এবং স্বার্থ, যা মাননীয় এনসিএলএটি-র ০২.০৫.২০২৩ তারিখের আদেশের দ্বারা বহাল রাখা হয়েছে, এর সাথে বলবৎকরণ এবং আদায়ের সমস্ত অধিকার সহ; ২) আই.এ. নং 2350/KB/2024-এ মাননীয় এনসিএলটি, কলকাতা বেঞ্চের সামনে বিচারাধীন ৩ (তিন) একর জমির লিজ নবায়নের জন্য পশ্চিমবঙ্গ সরকারের ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রিফর্মস ডিপার্টমেন্টের বিরুদ্ধে দাখিল করা আবেদনে সমস্ত অবশিষ্ট অধিকার; এবং ৩) কর্পোরেট ডেবটরের অন্যান্য সমস্ত অবশিষ্ট সম্পদ, অধিকার এবং দাবি, যদি থাকে।

১.	সংরক্ষিত মূল্য	৭,০০,০০০/- টাকা (সাত লক্ষ টাকা)
২.	আর্নেস্ট মানি ডিপোজিট (ইএমডি)	৭০,০০০/- টাকা (সত্তর হাজার টাকা)
৩.	বিড বৃদ্ধির পরিমাণ	১,০০,০০০/- টাকা (এক লক্ষ টাকা)
৪.	ধারা ২৯এ-এর আন্ডারটেকিং এবং কেওয়াইসি সহ ইওআই জমা দেওয়ার শেষ তারিখ	১১.১১.২০২৬, বিকেল ৫.০০ টা পর্যন্ত
৫.	ইএমডি জমা দেওয়া এবং বিড ফর্ম ও ডিক্লারেশন জমা দেওয়া, পরিদর্শন এবং ডিউ-ডিলিজেন্স-এর শেষ তারিখ	১৬.১১.২০২৬ বিকেল ৫.০০ টা পর্যন্ত
৬.	ই-নিলামের তারিখ এবং সময়	১৮.১১.২০২৬ দুপুর ১২টা থেকে বিকেল ৩টা পর্যন্ত
৭.	ইএমডি এবং নিলামের জন্য ই-নিলাম প্ল্যাটফর্ম	BAANKNET - https://baanknet.com/

বিক্রয়ের নিয়ম এবং শর্তাবলী :
১. বিস্তারিত শর্তাবলী, ই-নিলাম প্রক্রিয়া নথি এবং বিড ফর্ম্যাটগুলি https://baanknet.com/-এ বা অনুরোধের ভিত্তিতে লিকুইডেটরের কাছ থেকে পাওয়া যাবে।
২. বিডারদের একটি আন্ডারটেকিং জমা দিতে হবে যে তারা প্রযোজ্য সীমা পর্যন্ত আইবিসি, ২০১৬-এর ধারা ২৯এ-এর অধীনে অযোগ্য নয় এবং একটি রেজোলিউশন প্ল্যান জমা দেওয়ার যোগ্য (রেগুলেশন ৩৭এ)। যদি কোনো বিডারকে কোনো পর্যায়ে অযোগ্য পাওয়া যায়, তাহলে তার ইএমডি বাজেয়াপ্ত করা হবে।
৩. সমস্ত নথিপত্র আপলোড/ইএমডি পেমেন্ট শুধুমাত্র ই-নিলাম পোর্টালে করতে হবে।
৪. বিডাররা সম্পদ এবং সম্পর্কিত নথিপত্র পরিদর্শন করতে পারেন। তাদের নিজস্ব ডিউ ডিলিজেন্সের উপর নির্ভর করতে হবে; লিকুইডেটর কোনো কার্যধারার ফলাফলের উপর কোনো ওয়ারেন্টি দেন না।
৫. সর্বোচ্চ বিডারের যোগ্যতা তিন দিনের মধ্যে যাচাই করা হবে এবং পাওনাদারদের কমিটির সামনে উপস্থাপন করা হবে। লিকুইডেটর ছেষট্টি শতাংশের কম নয় এমন ভোটিং শেয়ারের দ্বারা কমিটির অনুমোদন সাপেক্ষে তাকে সফল বিডার ঘোষণা করবেন বা কারণ দর্শিয়ে বিড প্রত্যাখ্যান করবেন।
৬. সিওসি-এর পরামর্শ অনুযায়ী লিকুইডেটর যেকোনো বিড গ্রহণ বা প্রত্যাখ্যান করতে পারেন, অথবা নিলাম বাতিল বা পরিবর্তন করতে পারেন। কোনো বিরোধ মাননীয় এনসিএলটি, কলকাতা বেঞ্চের এখতিয়ারের অধীন।
৭. আইবিবিআই (লিকুইডেশন প্রসেস) রেগুলেশনস, ২০১৬-এর রেগুলেশন ১২(৩)-এর অধীনে প্রকাশিত। প্রশ্ন/জিজ্ঞাসা ip.jitulohia@gmail.com/jitulohia@knjainco.com.

স্বা/-
জিতেন্দ্র লোহিয়া, লিকুইডেটর
মধুশালা ড্রিঙ্কস প্রাইভেট লিমিটেড (লিকুইডেশনে)
আইবিবিআই রেজি. নং IBBI/IPA-001/IP-P00170/2017-18/10339
তারিখ : ০২.১১.২০২৬ **এএফএ নং AA1/10339/02/300627/109129 (৩০.০৬.২০২৭ পর্যন্ত বৈধ)**
স্থান : কলকাতা **নিবন্ধিত ই-মেইল : ip.jitulohia@gmail.com / jitulohia@knjainco.com**

ফর্ম জি
আগ্রহের অভিব্যক্তির আমন্ত্রণের জন্য
আনমোল নির্যাত প্রাইভেট লিমিটেড (৩০.০৭.২০২৬ থেকে সিআইআরপি-এর অধীনে)
কলকাতায় মিউচুয়াল ফান্ড এবং শেয়ারের বিনিয়োগ ও ট্রেডিং হিসাবে কাজ করছে
(ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া (ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সনস) রেগুলেশনস, ২০১৬-এর রেগুলেশন ৩৬এ-এর উপ-রেগুলেশন (১)-এর অধীনে)

	প্রাসঙ্গিক বিবরণ	
১.	প্যান এবং সিআইএন/এলএলপি নম্বর সহ কর্পোরেট ডেবটরের নাম	**আনমোল নির্যাত প্রাইভেট লিমিটেড** প্যান: AACCA3624K সিআইএন: U70101WB1995PTC073340 জিএসটি: 19AACCA3624K1ZO
২.	নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা	গ্রাম-বাগোরিয়া পোঃ-ধাবনী, থানা-লাউদোহা, বর্ধমান, দুর্গাপুর, পশ্চিমবঙ্গ, ভারত, ৭১৩২০৫
৩.	ওয়েবসাইটের ইউআরএল	উপলব্ধ নয়
৪.	যে স্থানে বেশিরভাগ স্থায়ী সম্পদ অবস্থিত তার বিবরণ	গ্রাম-বাগোরিয়া পোঃ-ধাবনী, থানা-লাউদোহা, বর্ধমান, দুর্গাপুর, পশ্চিমবঙ্গ, ভারত, ৭১৩২০৫
৫.	প্রধান পণ্য/পরিষেবাগুলির ইনস্টল করা ক্ষমতা	প্রযোজ্য নয়
৬.	গত আর্থিক বছরে বিক্রি হওয়া প্রধান পণ্য/পরিষেবাগুলির পরিমাণ এবং মূল্য	আর্থিক বছর ২০২৪-২৫-শূণ্য আর্থিক বছর ২০২৩-২৪-শূণ্য *ব্যালেন্স শিট অনুযায়ী, গত দুই আর্থিক বছরে কোনো পণ্য/পরিষেবা বিক্রি হয়নি।
৭.	কর্মচারী/শ্রমিকের সংখ্যা	কর্মচারী-০ শ্রমিক-০
৮.	দুই বছরের সর্বশেষ উপলব্ধ আর্থিক বিবৃতি (সময়সূচী সহ), পাওনাদারদের তালিকা সহ আরও বিবরণ নিম্নলিখিত ইউআরএল-এ উপলব্ধ:	**নীচের গুগল ড্রাইভ লিঙ্কে উপলব্ধ:** https://drive.google.com/drive/folders/1P9JSNPISEuOOaQDAaxF3aNdu8OpLnkPz?usp=sharing
৯.	কোডের ২৫(২)(এইচ) ধারার অধীনে রেজোলিউশন আবেদনকারীদের জন্য যোগ্যতা নিম্নলিখিত ইউআরএল-এ উপলব্ধ:	**নীচের গুগল ড্রাইভ লিঙ্কে উপলব্ধ:** https://drive.google.com/drive/folders/1P9JSNPISEuOOaQDAaxF3aNdu8OpLnkPz?usp=sharing
১০.	আগ্রহের অভিব্যক্তি প্রাপ্তির শেষ তারিখ	১৭.১১.২০২৬
১১.	সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের অস্থায়ী তালিকা প্রকাশের তারিখ	২২.১১.২০২৬
১২.	অস্থায়ী তালিকায় আপত্তি জমা দেওয়ার শেষ তারিখ	২৭.১১.২০২৬
১৩.	সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ	২৯.১১.২০২৬
১৪.	তথ্য স্মারক, মূল্যায়ন ম্যাট্রিক্স এবং সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের কাছে রেজোলিউশন প্ল্যানের জন্য অনুরোধ প্রকাশের তারিখ	২৯.১১.২০২৬
১৫.	রেজোলিউশন প্ল্যান জমা দেওয়ার শেষ তারিখ	২৯.১২.২০২৬
১৬.	আগ্রহের অভিব্যক্তি জমা দেওয়ার জন্য প্রক্রিয়া ইমেইল আইডি	cirpanmol@gmail.com

স্বাক্ষরিত/-
রিতেশ আগরওয়াল
রেজোলিউশন প্রফেশনাল
আইবিবিআই রেজিস্ট্রেশন নং: IBBI/IPA-001/IP-P-02296/2021-2022/13557
চিঠিপত্রের ঠিকানা: ৬ লিটল রাসেল স্ট্রিট
কাঁঙ্কারিয়া এস্টেটস, ৭ম ফ্লোর, কলকাতা-৭০০০৭১, পশ্চিমবঙ্গ
আনমোল নির্যাত প্রাইভেট লিমিটেড-এর পক্ষে (সিআইআরপি-এর অধীনে চলমান)
তারিখ: ০২.১১.২০২৬ **এএফএ নং: AA1/13557/02/300627/109524 | বৈধতা: ৩০.০৬.২০২৭ পর্যন্ত**

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি
সাসা মুসা সুগার ওয়ার্কস প্রাইভেট লিমিটেড (লিকুইডেশনের অধীনে)
CIN : U15432WB1933PTC007599
নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা মার্কেন্টাইল বিল্ডিং,
৯/১২ লালবাজার স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০০১, ভারত

২০.০২.২০২৫ তারিখে মাননীয় এনসিএলটি-র আদেশের মাধ্যমে আই.এ. (আইবি) নং 522/KB/2024 এবং কোম্পানি পিটিশন (আইবি) নং 157/KB/2021-এর অধীনে লিকুইডেশনের অধীনে থাকা কোম্পানি ই-নিলাম বিক্রয় নোটিশ : সাসামুসা সুগার ওয়ার্কস প্রাইভেট লিমিটেড (লিকুইডেশনে)-এর দুটি পৃথক লট (ব্লক এ মোলাসেস; ব্লক বি অবশিষ্ট সিকিউরিটিজ এবং আর্থিক সম্পদ) বিক্রয়ের জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি, যা ২৯ অক্টোবর ২০২৬ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সিওসি মিটিং (লিকুইডেশনের সময় ২১তম মিটিং)-এ পাস হওয়া রেজোলিউশন অনুযায়ী। এই নিলামে জমি এবং ভবন অন্তর্ভুক্ত নয়।

মাননীয় এনসিএলটি কলকাতা বেঞ্চ দ্বারা ২০.০২.২০২৫ তারিখের আদেশের মাধ্যমে আই.এ. (আইবি) নং 522/KB/2024 এবং কোম্পানি পিটিশন (আইবি) নং 157/KB/2021-এ নিযুক্ত লিকুইডেটর শ্রী মণীশ জৈন দ্বারা কর্পোরেট ডেবটরের সম্পদ "যেমন আছে যেখানে আছে ভিত্তিতে", "যেমন যা আছে ভিত্তিতে", "যা কিছু আছে ভিত্তিতে" এবং "বিনা আশ্রয়ের ভিত্তিতে" বিক্রি করা হবে। নিম্নস্বাক্ষরকারী ই-নিলাম প্ল্যাটফর্ম https://ibbi.baanknet.com-এর মাধ্যমে বিক্রয়টি সম্পন্ন করবেন।

ক্রম নং	বিবরণ	বিস্তারিত
১	বিক্রয় বিজ্ঞপ্তি এবং ই-নিলাম প্রক্রিয়া নথি প্রকাশের তারিখ	০২/১১/২০২৬
২	ই-নিলামের অধীনে সম্পদ পরিদর্শন বা ডিউ-ডিলিজেন্স-এর সময়কাল	ব্লক এ- ৩০ নভেম্বর ২০২৬ দুপুর ১.০০ টা পর্যন্ত ব্লক বি- ০১ ডিসেম্বর ২০২৬ দুপুর ১.০০ টা পর্যন্ত
৩	সম্ভাব্য বিডাররা বাঙ্কনেট নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে আর্নেস্ট মানি ডিপোজিট (ইএমডি) জমা দেবেন।	ব্লক এ- ৩০ নভেম্বর ২০২৬ সন্ধ্যা ৭.০০ টা পর্যন্ত ব্লক বি- ০১ ডিসেম্বর ২০২৬ সন্ধ্যা ৭.০০ টা পর্যন্ত
৪	নিলামের তারিখ এবং সময়	বিক্রয়টি নিম্নস্বাক্ষরকারী দ্বারা https//ibbi.baanknet.com ওয়েব পোর্টালে প্রদত্ত ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে সম্পন্ন করা হবে
৫	লিকুইডেটরের ঠিকানা এবং ইমেইল	ব্লক এ তারিখ ০৪/১২/২০২৬, সকাল ১১.৩০ টা থেকে দুপুর ০১.৩০ টা পর্যন্ত (প্রত্যেকটি ৫ মিনিটের সীমাহীন এক্সটেনশন) ব্লক বি তারিখ ০৫/১২/২০২৬, সকাল ১১.৩০ টা থেকে দুপুর ০১.৩০ টা পর্যন্ত (প্রত্যেকটি ৫ মিনিটের সীমাহীন এক্সটেনশন) এস্টেট ৭৭ বিল্ডিং, ফ্ল্যাট ৩এ এবং ৩বি, ৩য় ফ্লোর, ৭৭ চেতলা রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ ৭০০০২৭। ইমেল : ibc@sasamusasugar.com, ipcamanishjain@gmail.com

ব্লক-এ

সম্পদের বিবরণ	ই-নিলামের তারিখ এবং সময়	সংরক্ষিত মূল্য	ইএমডি	বিড বৃদ্ধির মূল্য
ব্লক এ- ফ্যাক্টরি প্রেমিসেস, সাসামুসা, গোপালগঞ্জ, বিহার-এ স্টোরেজ ট্যাঙ্কে পড়ে থাকা মোলাসেস। ঐতিহাসিক আনুমানিক পরিমাণ ২৩,৩৮০ কুইন্টাল। নিবন্ধিত ভ্যালুয়ারদের দ্বারা কোনো পৃথক আর্থিক মূল্যায়ন নির্ধারণ করা হয়নি। প্রকৃত উপলব্ধ পরিমাণ এবং গুণমান বাস্তবিক যাচাইকরণ এবং বিডার পরিদর্শনের সাপেক্ষে, পরিমাণগত নির্দেশক, গ্যারান্টিযুক্ত নয়। বিক্রয়ের মধ্যে স্টোরেজ ট্যাঙ্ক এবং আলাদাভাবে বিক্রি হওয়া অন্যান্য প্ল্যান্ট এবং যন্ত্রপাতি অন্তর্ভুক্ত নয়।	০৪/১২/২০২৬ সকাল ১১.৩০ টা থেকে দুপুর ০১.৩০ টা পর্যন্ত (প্রত্যেকটি ৫ মিনিটের সীমাহীন এক্সটেনশন)	৬১.২৩৬ লক্ষ আইএনআর	৬.১২ লক্ষ আই এন আর	৫.০০ লক্ষ আইএনআর

ব্লক-বি

সম্পদের বিবরণ	ই-নিলামের তারিখ এবং সময়	সংরক্ষিত মূল্য	ইএমডি	বিড বৃদ্ধির মূল্য
ব্লক বি- কর্পোরেট ডেবটরের অবশিষ্ট সিকিউরিটিজ এবং আর্থিক সম্পদ (এসএফএ), কঠোরভাবে ই-নিলাম প্রক্রিয়া তথ্য নথির সাথে সংযুক্ত সম্পদ-ভিত্তিক সময়সূচীতে চিহ্নিত করা হয়েছে এবং এটি অস্তিত্ব, মালিকানা, পুনরুদ্ধারযোগ্যতা এবং আইনসম্মত হস্তান্তরযোগ্যতার সাপেক্ষে। এর মধ্যে নগদ এবং ব্যাঙ্ক ব্যালেন্স, মোলাসেস, ইতিমধ্যেই বিক্রি হওয়া চিনির স্টক, জমি এবং ভবন, ইতিমধ্যেই বিক্রি হওয়া প্ল্যান্ট এবং যন্ত্রপাতি এবং ইতিমধ্যেই আদায় করা অন্যান্য সমস্ত সম্পদ অন্তর্ভুক্ত নয়। সময়সূচীতে বিশেষভাবে চিহ্নিত নয় এমন সম্পদের কোনো বিক্রয় বোঝানো হয়নি।	০৫/১২/২০২৬ সকাল ১১.৩০ টা থেকে দুপুর ০১.৩০ টা পর্যন্ত (প্রত্যেকটি ৫ মিনিটের সীমাহীন এক্সটেনশন)	৩৬.৪৫ লক্ষ আইএন আর	৩.৬৪ ৫ লক্ষ আই এন আর	৫.০০ লক্ষ আইএনআর

নিয়ম এবং শর্তাবলী :

১. **সিওসি-র অনুমোদন :** ২৯ অক্টোবর ২০২৬ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সিওসি মিটিং-এ ১০০ শতাংশ ভোটিং শেয়ারের অধিকারী সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া দ্বারা ব্লক এ (মোলাসেস) এবং ব্লক বি (অবশিষ্ট সিকিউরিটিজ এবং আর্থিক সম্পদ)-এর জন্য নতুন ই-নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের অনুমোদন দেওয়া হয়েছিল। বিটিএল গ্রুপের আবেদনের বিচার সাপেক্ষে প্রযোজ্য আইন এবং বিচারিক নির্দেশাবলীর উপর ভিত্তি করে একটি নতুন জমি-ও-ভবন নিলাম বিজ্ঞপ্তি প্রকাশ স্থগিত করা হয়েছিল।
২. **বাধ্যতামূলক নয় এমন আমন্ত্রণ :** এই আমন্ত্রণটি শুধুমাত্র একটি প্রস্তাব দেওয়ার জন্য একটি আমন্ত্রণ এবং এটি নিজ থেকে লিকুইডেটর বা কর্পোরেট ডেবটরের উপর কোনো বিক্রয় সম্পন্ন করার কোনো বাধ্যতামূলক বাধ্যবাধকতা তৈরি করে না। লিকুইডেটরের বিক্রয় প্রক্রিয়া বাতিল, পরিবর্তন বা প্রত্যাহার করার এবং/অথবা কোনো কারণ দর্শানো ছাড়াই এবং কোনো দায়বদ্ধতা ছাড়াই কোনো আগ্রহী পক্ষ বা সম্ভাব্য বিডারকে প্রত্যাখ্যান বা অযোগ্য ঘোষণা করার অধিকার সংরক্ষণ করেন।
৩. **প্রকাশনা ক্লজ :** আইবিবিআই (লিকুইডেশন প্রসেস) রেগুলেশনস, ২০১৬-এর রেগুলেশন ১২(৩) মেনে এই বিক্রয় বিজ্ঞপ্তিটি বিজনেস স্ট্যান্ডার্ড এবং মর্নিং ইন্ডিয়া (ইংরেজি সংস্করণ), সন্মার্গ (হিন্দি সংস্করণ) এবং একদিন (বাংলা সংস্করণ)-এ প্রকাশিত হচ্ছে এবং আইবিবিআই-এর ওয়েবসাইট www.ibbi.gov.in, কর্পোরেট ডেবটরের ওয়েবসাইট **www.sasamusasugar.com** এবং ই-নিলাম প্ল্যাটফর্ম **https://ibbi.baanknet.com**-এ হোস্ট করা হচ্ছে।
৪. **সক্ষমকরণ বিধান :** এই বিক্রয় বিজ্ঞপ্তিটি ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি কোড, ২০১৬-এর ৩৫(১)(এন) ধারার সাথে পঠিত আইবিবিআই (লিকুইডেশন প্রসেস) রেগুলেশনস, ২০১৬-এর রেগুলেশন ১২ এবং শিডিউল ১-এর অধীনে জারি করা হয়েছে।
৫. বর্তমান সংরক্ষিত মূল্যগুলি সিওসি দ্বারা অনুমোদিত ঠিক আগের নিলামের সংরক্ষিত মূল্য থেকে ১০ শতাংশ হ্রাসের উপর ভিত্তি করে এবং এটি কোনো নতুন মূল্যায়নের প্রতিনিধিত্ব করে না। বিডারদের অবশ্যই সম্পদের বর্তমান অবস্থা, পরিমাণ, আদায়যোগ্যতা এবং হস্তান্তরযোগ্যতা স্বাধীনভাবে মূল্যায়ন করতে হবে।
৬. **স্বত্ব, দায়বদ্ধতা এবং দায় :** বিক্রয়টি লিকুইডেশন এস্টেটে প্রকৃতপক্ষে ন্যস্ত করা স্বত্ব, অধিকার এবং স্বার্থ, প্রযোজ্য আইন, প্রাসঙ্গিক বিচারিক আদেশ এবং বিস্তারিত ই-নিলাম প্রক্রিয়া তথ্য নথির সাপেক্ষে হবে। কোনো সম্পদ দায়বদ্ধতা, তৃতীয় পক্ষের অধিকার বা বিধিবদ্ধ দায়মুক্ত বলে কোনো শর্তহীন নিশ্চয়তা দেওয়া হয় না। বিডাররা স্বাধীনভাবে সমস্ত প্রাসঙ্গিক রেকর্ড যাচাই করবেন এবং প্রযোজ্য কর, শুল্ক, হস্তান্তরের বিধিনিষেধ এবং দায়বদ্ধতার বিষয়ে পেশাদার পরামর্শ নেবেন।
৭. **ত্রুটি এবং বিচ্যুতি :** সম্পদের সাথে সম্পর্কিত কোনো ত্রুটি, বিচ্যুতি বা ভুল বিবৃতির জন্য লিকুইডেটর দায়ী থাকবেন না, যেখানে এই ধরনের ত্রুটি, বিচ্যুতি বা ভুল বিবৃতি কর্পোরেট ডেবটর, সিকিউরড পাওনাদার বা কোনো সরকারি বা বিধিবদ্ধ কর্তৃপক্ষ দ্বারা সরবরাহ করা তৃতীয় পক্ষের রিপোর্ট, রেকর্ড বা বিধিবদ্ধ তথ্যের উপর ভিত্তি করে তৈরি হয়।
৮. **ইএমডি ফেরত :** ইএমডি সুদবিহীন হবে এবং সফল কেওয়াইসি এবং ব্যাঙ্ক যাচাইকরণের সাপেক্ষে একই পেমেন্ট চ্যানেলের মাধ্যমে বাঙ্কনেট প্ল্যাটফর্ম ব্যবহার করে নিলাম বন্ধ হওয়ার তারিখ থেকে সাত কার্যদিবসের মধ্যে অসফল বিডারদের ফেরত দেওয়া হবে।
৯. **সফল বিডারের দায়বদ্ধতা :** সফল বিডার তার অনুকূলে সম্পদ হস্তান্তরের জন্য প্রযোজ্য স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন চার্জ, হস্তান্তর চার্জ, জিএসটি সহ প্রযোজ্য কর (যদি থাকে) এবং অন্যান্য আনুষঙ্গিক ব্যয়, খরচ এবং চার্জ বহন করবেন, এর সাথে প্রযোজ্য আইনের অধীনে এবং/অথবা মাননীয় এনসিএলটি, এনসিএলএটি বা মাননীয় সুপ্রিম কোর্টের কোনো নির্দেশাবলীর শর্তাবলী অনুযায়ী গ্রহীতাকে বহন করতে হবে এমন বিধিবদ্ধ বকেয়া বা দায়বদ্ধতাও বহন করবেন।
১০. **গোপনীয়তা :** বিডাররা ডিউ ডিলিজেন্স চলাকালীন উপলব্ধ সমস্ত তথ্য এবং নথিপত্রের বিষয়ে কঠোর গোপনীয়তা বজায় রাখবেন এবং এই ই-নিলামে অংশগ্রহণ ছাড়া অন্য কোনো উদ্দেশ্যে এই ধরনের তথ্য ব্যবহার করবেন না। কোনো অপব্যবহার বা অননুমোদিত প্রকাশ বিডারকে অযোগ্য ঘোষণা, ইএমডি বাজেয়াপ্ত এবং লিকুইডেটরের কাছে উপলব্ধ অন্যান্য আইনি পরিণতির সম্মুখীন করবে।
১১. **প্রক্রিয়ার মেকানিক্স এবং সময়সীমা :** বিক্রয়টি ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি কোড, ২০১৬ এবং এর অধীনে তৈরি করা রেগুলেশনস-এর বিধানগুলির এবং **https://ibbi.baanknet.com**-এ উপলব্ধ ই-নিলাম প্রক্রিয়া তথ্য নথিতে থাকা বিস্তারিত শর্তাবলীর সাপেক্ষে। ই-নিলাম প্রক্রিয়া তথ্য নথির শর্তাবলী অনুযায়ী লিকুইডেটরের সাথে পরামর্শ করে ই-নিলাম পরিষেবা প্রদানকারী মেসার্স পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড বাঙ্কনেট যোগ্য বিডারদের নাম চিহ্নিত করবে।
ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি কোড, ২০১৬-এর ২৯এ ধারার অধীনে যোগ্যতার ঘোষণাপত্র সহ কেওয়াইসি নথিপত্র এবং যোগ্যতার মানদণ্ড পূরণের প্রমাণপত্র সহ বিড ফর্ম বা আগ্রহের অভিব্যক্তি (ইওআই) জমা দেওয়ার শেষ তারিখ এবং সময় নীচে দেওয়া হলো।
ব্লক এ ৩০ নভেম্বর ২০২৬ দুপুর ১.০০ টা পর্যন্ত
ব্লক বি ০১ ডিসেম্বর ২০২৬ দুপুর ১.০০ টা পর্যন্ত
ই-নিলাম প্রক্রিয়া তথ্য নথি অনুযায়ী **ibc@sasamusasugar.com**-এ লিখিত অনুরোধ প্রাপ্তির পর, প্রতিটি ব্লকের জন্য উপরে উল্লিখিত তারিখ এবং সময় পর্যন্ত সম্পদ পরিদর্শন এবং সাইট ভিজিট করার সুবিধা দেওয়া হবে।
বাঙ্কনেট নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে ইএমডি জমা দেওয়ার শেষ তারিখ এবং সময় হলো
ব্লক এ ৩০ নভেম্বর ২০২৬ সন্ধ্যা ৭.০০ টা পর্যন্ত
ব্লক বি ০১ ডিসেম্বর ২০২৬ সন্ধ্যা ৭.০০ টা পর্যন্ত
সময়সূচীতে কোনো পরিবর্তন হলে ইমেইল এবং/অথবা ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে যোগ্য বিডারদের জানানো হবে।
১২. **ধারা ২৯এ এবং বাজেয়াপ্তকরণ :** সম্ভাব্য বিডাররা ই-নিলাম প্রক্রিয়া তথ্য নথিতে নির্ধারিত সময়সীমার মধ্যে বাঙ্কনেট ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি কোড, ২০১৬-এর ২৯এ ধারার অধীনে যোগ্যতার ঘোষণাপত্র সহ সমস্ত প্রয়োজনীয় নথিপত্র জমা দেবেন। যদি কোনো পর্যায়ে কোনো বিডারকে ২৯এ ধারার অধীনে অযোগ্য পাওয়া যায়, তবে লিকুইডেটরের কাছে উপলব্ধ অন্য কোনো অধিকার ক্ষুন্ন না করেই সেই বিডারের দ্বারা প্রদত্ত ইএমডি বাজেয়াপ্ত করা হতে পারে।
১৩. **আইনি কাঠামো :** এই বিজ্ঞপ্তিটি ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি কোড, ২০১৬ এবং আইবিবিআই (লিকুইডেশন প্রসেস) রেগুলেশনস, ২০১৬-এর অধীনে জারি করা হয়েছে, যা প্রকাশের তারিখে সংশোধিত এবং প্রযোজ্য, যার মধ্যে শিডিউল ১-এর সাথে পঠিত রেগুলেশন ৩৩ অন্তর্ভুক্ত রয়েছে, যা মাননীয় এনসিএলটি-র কার্যকরী আদেশের সাপেক্ষে। এমন কোনো প্রতিনিধিত্ব করা হয়নি যে এই বিজ্ঞপ্তিটি স্বাধীনভাবে আইনগতভাবে যাচাই করা হয়েছে, যতক্ষণ না পর্যন্ত এই ধরনের যাচাইকরণ প্রকৃতপক্ষে সম্পন্ন এবং নথিভুক্ত করা হয়।
১৪. **সংশোধনী রেফারেন্স :** আইনি স্পষ্টতা এবং স্টেকহোল্ডারদের স্বচ্ছতা প্রদানের লক্ষ্যে এই বিজ্ঞপ্তিটি আইবিবিআই (লিকুইডেশন প্রসেস) রেগুলেশনস, ২০১৬, সর্বশেষ প্রযোজ্য সংশোধনী সহ, মেনে জারি করা হয়েছে।
১৫. **দাবিত্যাগ :** লিকুইডেটর তার বিধিবদ্ধ ক্ষমতায় কাজ করেন এবং সম্পদের স্বত্ব, পরিমাণ, গুণমান, অবস্থা, পুনরুদ্ধারযোগ্যতা বা উপযুক্ততা সম্পর্কিত কোনো ব্যক্তিগত ওয়ারেন্টি প্রদান করেন না। বিক্রয়টি প্রক্রিয়া নথি, প্রযোজ্য আইন এবং বিচারিক আদেশের সাপেক্ষে। এই বিজ্ঞপ্তির কোনো কিছুই আইনত বাদ দেওয়া যায় না এমন কোনো বিধিবদ্ধ দায়িত্ব বা দায়বদ্ধতা বাদ দেয় না। ঝুঁকি এবং দখল শুধুমাত্র প্রক্রিয়া নথি এবং প্রযোজ্য আইনে নির্দিষ্ট করা পর্যায়ে এবং শর্তাবলীতে হস্তান্তর করা হবে।
১৬. **প্রক্রিয়া-নথির ধারাবাহিকতা :** এই বিজ্ঞপ্তি এবং ই-নিলাম প্রক্রিয়া তথ্য নথি একত্রে পড়া হবে। সংরক্ষিত মূল্য, ইএমডি, সম্পদের বিবরণ, সময়সূচী বা বিডারের যোগ্যতার ক্ষেত্রে যে কোনো অসঙ্গতি প্রাসঙ্গিক বিডিংয়ের সময়সীমার আগে সংশোধন এবং প্রকাশ্যে স্পষ্ট করা হবে। আইনের বাধ্যতামূলক বিধান এবং কার্যকরী বিচারিক আদেশ প্রাধান্য পাবে।

যেকোনো প্রশ্নের জন্য, নীচে দেওয়া বিবরণ অনুযায়ী লিকুইডেটরের সাথে যোগাযোগ করুন।
মণীশ জৈন, লিকুইডেটর
সাসা মুসা সুগার ওয়ার্কস প্রাইভেট লিমিটেড
(লিকুইডেশন প্রক্রিয়ার অধীনে) এর বিষয়ে
রেজিস্ট্রেশন নং : IBBI/IPA-001/IP-P00582/2017-2018/11023
এস্টেট ৭৭ বিল্ডিং, ফ্ল্যাট ৩এ এবং ৩বি, ৩য় ফ্লোর, ৭৭ চেতলা রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০২৭
স্থান : কলকাতা **মোবাইল : ০৯৮৩০২৪৮৬৮৪/৮৫৮২৮০৬২২১**
তারিখ : ০২/১১/২০২৬ **ইমেইল : ibc@sasamusasugar.com, ipcamanishjain@gmail.com**